

(একই তারিখ এবং স্মারক নম্বরে স্থলাভিষিক্ত হবে)
বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড

প্রধান কার্যালয় : দুগ্ধ ভবন
১৩৯-১৪০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

স্মারক নং- মিই/প্রশা/-৪৪/১৯৭৭/১৩৭৮

তারিখ: ২৫/০৩/২০২০ খ্রি:

দপ্তর আদেশ

মিষ্ক ইউনিয়নের সকল দপ্তর/বিভাগ/শাখা/কারখানা ও এলাকা এবং দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র সমূহ নিম্নোক্তভাবে (২৬/০৩/২০২০ খ্রি: হতে ০৪/০৪/২০২০ খ্রি: পর্যন্ত) ছুটি প্রদান করা হল:


(ক) প্রধান কার্যালয় আগামী ২৬/০৩/২০২০ খ্রি: হতে ০৪/০৪/২০২০ খ্রি: পর্যন্ত বন্ধ থাকবে (সরকার ঘোষিত ছুটি অনুযায়ী)।

(খ) জরুরী প্রয়োজনে এবং বাজারের চাহিদা অনুযায়ী বিশেষ ব্যবস্থায় ঢাকা দুগ্ধ কারখানা, বাঘাবাড়ী দুগ্ধ কারখানা ও টেকেরহাট দুগ্ধ কারখানার কার্যক্রম সীমিত পরিসরে অব্যাহত থাকবে।

(গ) গো-খাদ্য কারখানা ও সকল দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র/এলাকা সমূহ আগামী ২৬/০৩/২০২০ খ্রি: হতে ০৪/০৪/২০২০ খ্রি: পর্যন্ত বন্ধ থাকবে (সরকার ঘোষিত ছুটি অনুযায়ী)। তবে জরুরী প্রয়োজনে প্রতিষ্ঠানের সিদ্ধান্ত অনুসারে সমবায়ীদের দুগ্ধ সংগ্রহের প্রয়োজন হতে পারে বিধায় সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করতে হবে। তাছাড়া প্রাণী চিকিৎসা ও সম্প্রসারণ কার্যক্রম যথারীতি অব্যাহত থাকবে।

(ঘ) মিষ্ক ইউনিয়নের বিক্রয় কেন্দ্রসমূহ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী খোলা থাকবে।

(ঙ) একই সাথে, করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক ঘোষিত ২৬/০৩/২০২০ হতে ০৪/০৪/২০২০ তারিখ পর্যন্ত ছুটির সময়ে সকল বিভাগ/দপ্তর/শাখা/কারখানা/শীতলীকরণ কেন্দ্র সমূহের কর্মকর্তা-কর্মচারীদেরকে নিজ নিজ কর্মস্থল ত্যাগ না করার জন্য অনুরোধ করা হল।


০৫.০৩.২০২০

অমর চান বণিক
(যুগ্ম- সচিব)
ব্যবস্থাপনা পরিচালক
মিষ্ক ইউনিয়ন



অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও সমিতি/প্ল্যানিং, টেকনিক্যাল ও মার্কেটিং -অ:দা:);
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
৪. অতিরিক্ত মহাব্যবস্থাপক (সকল) -----
৫. উপ-মহাব্যবস্থাপক (সকল) -----
৬. ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) -----
৭. নিবন্ধক ও মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা (নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. চেয়ারম্যান, মিষ্ক ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. নোটিশ বোর্ড (সকল) -----
১০. অফিস নথি।